

# সমকাল

## জাফর ইকবাল আজ ক্যাম্পাসে ফিরছেন

১২ ঘণ্টা আগে

### শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসা শেষে আজ বুধবার তার ক্যাম্পাসে ফিরছেন। বিশিষ্ট এই লেখকের ব্যক্তিগত সহকারী জয়নাল আবেদীন গতকাল মঙ্গলবার সমকালকে এ তথ্য নিশ্চিত করেন।

তার তথ্যানুযায়ী, জাফর ইকবাল সুস্থ আছেন। তার সেলাই কাটা হয়েছে। আজ দুপুর ১২টার দিকে নভোএয়ারের একটি ফ্লাইটে সিলেট যাবেন তিনি। দেড়টার দিকে ক্যাম্পাসে ঢুকবেন এবং বিকেল ৪টায় হামলার স্থান মুক্তমঞ্চে শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে কথা বলবেন। জয়নাল আবেদীন বলেন, 'ফ্লাইটে জাফর স্যারের সঙ্গে তার স্ত্রী অধ্যাপক ড. ইয়াসমিন হক, মেয়ে ইয়েশিম ইকবাল ও তাম্রলিপি প্রকাশনীর প্রকাশক এসএম তারিকুল ইসলাম সিলেট আসবেন।'

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সাইফুল ইসলাম জানান, শিক্ষার্থীরা তাদের কাছে মুক্তমঞ্চে স্যারের সঙ্গে কথা বলতে চেয়ে আবেদন নিয়ে এসেছিলেন। তারা আবেদনটি বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে জমা দেওয়ার পরামর্শ দিয়েছেন। তিনি জানান, বিকেলে মুক্তমঞ্চে জাফর স্যারের সঙ্গে শাবি উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ উপস্থিত থাকবেন।

শাবি প্রস্টর সহযোগী অধ্যাপক জহীর উদ্দিন আহমেদ গতকাল বিকেলে জানান, শিক্ষার্থীদের সঙ্গে মুক্তমন্ডের কর্মসূচি নিয়ে আলোচনা চলছে। আলোচনার পর পরবর্তী করণীয় ঠিক করা হবে।

সিলেট মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) এমএ ওয়াহাব সমকালকে বলেন, নিরাপত্তার ব্যাপারে পুলিশ সতর্ক অবস্থানে থাকবে। স্যারের নিরাপত্তার বিষয়কে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের প্রবেশপথগুলোতে নজরদারি বাড়াতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আহ্বান জানান তিনি।

গত ৩ মার্চ বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চে এক অনুষ্ঠানে ড. জাফর ইকবালকে ছুরিকাঘাতে হত্যার চেষ্টা চালায় এক যুবক। এর পর গুরুতর আহত অবস্থায় প্রথমে তাকে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখান থেকে এয়ার অ্যাম্বুলেন্সে ঢাকার সিএমএইচে নেওয়া হয়। এখানে ১০ দিন ধরে চিকিৎসা চলে এই শিক্ষাবিদে।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com